


সূর্যগ্রহণে প্রমাণিত সৌদি উম্মুল কুরা বর্ষপঞ্জিকা(ক্যালেন্ডার)নির্ভুল নয়

কমর উদ্দিনের রিপোর্ট, অনুবাদক হাবিবুল আহাদ



৩রা নভেম্বর, ২০১৩ রোববার, আফ্রিকায় পূর্ণ ও মধ্যপ্রাচ্যে আংশিক সূর্যগ্রহণ হয়েছিল যখন হাজার হাজার মানুষ, কোনরকম জ্যোতিঃশাস্ত্র গণনার উপর নির্ভর না করেই, খালি চোখে চাঁদের জন্ম অবলোকন করে। এ কথা জ্যোতির্বিৎ গণেরা ভালোভাবেই জানেন যে যখন সূর্যগ্রহণ হয় সেই সন্ধ্যায় চাঁদ দৃষ্টিগোচর হওয়া সম্ভবপর নয় যেহেতু চাঁদ তখনো লুক্কায়িত ধাপে বিরাজ করে, আরবিতে যাকে 'মাহাক' বলা হয়। দিনের আলোয় সূর্যগ্রহণ দৃশ্যমান হয় যখন সূর্য, চন্দ্র এবং পৃথিবী একই সমতলে বিরাজ করে, নিচের চিত্রে যেমন দেখানো হয়েছে।

ইসলামের ইতিহাসে এটাও অনেকের জানা যে নবী মুহাম্মদ (সঃ আঃ)এর সময় ১০ হিজরিতে মদিনায় একবার সূর্যগ্রহণ হয়েছিল যেদিন নবী-পুত্র ইব্রাহীম (আঃ) ইন্তেকাল করেন। দিনটি ছিল সোমবার ২৯শে শাওয়াল, ১০ হিজরি (২৭এ জানুয়ারি, ৬৩২ খ্রিষ্টাব্দ) এবং ১০ হিজরির দুলা ক্বাদাহ মাস শুরু হয় এর এক দিন পর থেকে, সূর্যগ্রহণের দিন থেকে নয়। মুসলিম ইতিহাসবিদেরা এসব তারিখগুলো খুবই নির্ভুলভাবে নথিভুক্ত করেছিলেন যা থেকে দেখা যায় যে বিদায় হজ্জের দিনটি ছিল শুক্রবার, ৯ই দুলা হিজ্জাহ, ১০ হিজরি, অসংখ্য সহি হাদিসে যেমন বর্ণিত আছে।



অতএব, বৈজ্ঞানিক উপাত্ত এবং ইসলামের ইতিহাস দ্বারাও এটা অবধারিতভাবে প্রমাণিত যে ইসলামের চান্দ্র মাস কোন অবস্থাতেই সূর্যগ্রহণের একই সন্ধ্যা থেকে

শুরু হতে পারে না, যেহেতু সূর্যাস্তের পর (একই অঞ্চলে) চাঁদ দৃষ্টিগোচর হওয়া সম্ভব নয়। ৩রা নভেম্বর ২০১৩ তে এক সৌদি জ্যোতির্বিৎ, রিয়াদের খালেদ আল-আজাজি সূর্যগ্রহণের সময় অন্তগামী চাঁদের ছবি ধারণ করেছিলেন, যেমনটি প্রকাশিত হয়েছে ICOP ওয়েবসাইটে (ছবি দ্রষ্টব্য)।



Photo by Khaled Al-Ajazi, Riyadh (Saudi Arabia) on 3/11/2013

এতদসত্ত্বেও সৌদি উম্মুল কুরা ক্যালেন্ডার চান্দ্র মাস শুরু করেছে সূর্যগ্রহণের একই সন্ধ্যা থেকেই যেহেতু পঞ্জিকার নির্ণায়ক শর্ত (অর্থাৎ মক্কার দিগন্তে সূর্যাস্তের পর চাঁদের অন্ত যাওয়া) পূরণ হয়েছে, যদিও কোন অবস্থাতেই খালি চোখে চাঁদ দৃষ্টিগোচর হওয়া মোটেই সম্ভব ছিল না। এ ঘটনা সন্দেহাতীতভাবে প্রমাণ করে যে সৌদি উম্মুল কুরা ক্যালেন্ডার চাঁদের দৃষ্টিগোচরতার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়; এসব প্রায়োগিক বিষয় না বোঝার কারণে যুক্তরাজ্য এবং বিদেশে কারো কারো দ্বারা তা অসত্য ভাবে ধর্মীয় ক্যালেন্ডার হিসাবে প্রচারিত হয়ে আসছে।

অতি আনন্দ (এবং স্বস্তির)সাথে পাঠকদের জানাতে চাই যে রিয়াদ সুপ্রিম কোর্ট (সৌদি আরব) এবার তাঁদের উম্মুল কুরা ক্যালেন্ডারে এই ভুলের কথা স্বীকার করেছে এবং মুহররম ১৪৩৫ হিজরির (ইসলামী নববর্ষ) শুরু ক্যালেন্ডারে প্রকাশিত তারিখ থেকে একদিন পিছিয়ে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে, ফলে পরের দিন সন্ধ্যায় চাঁদের প্রকৃত দৃষ্টিগোচরতার সাথে চাঁদের মাসের তারিখের মিল আনা সম্ভব হয়েছে, আলহামদুলিল্লাহ। এ কারণেই, আন্তর্জাতিক পর্যবেক্ষনাগার এবং এমনকি সৌদি আরবেরও চাঁদ পর্যবেক্ষক/জ্যোতিঃশাস্ত্র বিশেষজ্ঞরা সম্পূর্ণ একমত যে বর্তমান উম্মুল কুরা ক্যালেন্ডারের

নির্ণায়ক (অর্থাৎ সূর্যাস্তের পর চাঁদের অন্ত যাওয়া) 'ভবিষ্যদ্বাদী চাঁদ দৃষ্টিগোচরতা (ইমকান- ই- রুয়াত)' মডেলে পরিবর্তন করা উচিত, আমাদের ওয়েবসাইট পিটিশনে www.moonsighting.org.uk যেমনটি প্রস্তাব করা হয়েছে।

তারিখঃ ২০ নভেম্বর ২০১৩ (১৬ই মুহররম ১৪৩৫ হিজরী)